গত ২২ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে গাজীপুরে অবস্থিত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী সেখানে পৌঁছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতের শ্রদ্ধা নিবেদন করেন। পরে তিনি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর গৌরব ও সাফল্যের ৫০ বছর পূর্তি উপলক্ষে বেলুন ও পায়রা উড়িয়ে অনুষ্ঠান উদ্বোধন করেন। তিনি বঙ্গবন্ধু-পিয়েরে ট্রুডো কৃষি প্রযুক্তি কেন্দ্র উদ্বোধন করেন এবং আমন্ত্রিত অতিথিদের নিয়ে ব্রির ইনোভেশনস পরিদর্শন করেন।




অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ৩টি ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের ২টি প্রকাশনার মোড়ক উন্মোচন করেন। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক প্রকাশিত বই দুটি হলো A Development Trajectory of Bangladesh Agriculture From Food Deficit to Surplus এবং AGRICULTURAL DEVELOPMENT FOR FRAGILE ECOSYSTEM IN BANGLADESH। বই দুটি লেখক হিসেবে সামনে থেকে নেতৃত্ব দিয়েছেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের সুযোগ্য নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার।




অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল, সংসদ সদস্য সিমিন হোসেন রিমি, মেহের আফরোজ চুমকি, ইকবাল হোসেন সবুজ, কানাডার গ্লোবাল ইনস্টিটিউট অব ফুড সিকিউরিটির সিইইউ এবং নির্বাহী পরিচালক ড. স্টেভিন ওয়েব, ফিলিপাইনের ইন্টারন্যাশনাল রাইস রিচার্স ইনস্টিটিউটের (ইরি) ডাইরেক্টর জেনারেল ড. জেইন বালিই, কৃষি মন্ত্রণালয়ের সচিব ওয়াহিদা আক্তার ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার।